

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি 'র সাথে জাপানের মিনিষ্ট্র অফ জাস্টিসের মন্ত্রী ও জাইকা'র ভাইস প্রেসিডেন্টের পৃথক বৈঠক অনুষ্ঠিত

ঢাকা, ০৯ অক্টোবর ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি আজ স্থানীয় সময় বিকাল ৪টায় জাপানের মিনিষ্ট্র অফ জাস্টিসের মন্ত্রী কাৎসুইউকি কাওয়াইকের সাথে তার কার্যালয়ে এক বৈঠক করেছেন।

বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি জাপানের মিনিষ্ট্র অফ জাস্টিসের মন্ত্রী কাৎসুইউকি কাওয়াইকে স্পেসিফিকেড স্কিল্ড ওয়ার্কার নেয়ার বিষয়ে পরীক্ষা দ্রুত আয়োজন করার জন্য অনুরোধ করেছেন। উত্তরে মিনিষ্ট্র অফ জাস্টিসের মন্ত্রী বিষয়টি পরীক্ষা করে ব্যবস্থা নিবেন এবং পরীক্ষার সিডিউল জানাবেন বলে প্রত্যয় ব্যক্ত করেছেন।

এরপরে বিকাল সাড়ে পাঁচটায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি জাইকা অফিসে জাইকা'র ভাইস প্রেসিডেন্ট কাজুহিকো কোশিকাওয়ার সাথে বৈঠক করেছেন।

এই বৈঠকে বাংলাদেশে জাপান- বাংলাদেশ ল্যাংগুয়েজ সেন্টার স্থাপন ও যৌথভাবে অন্যান্য টিটিসিতে কারিগরি সহায়তা প্রদান বিষয়ে আলোচনা হয়েছে। জাইকা কর্তৃপক্ষ জানিয়েছে এসব বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে সিদ্ধান্ত নেয়া হবে।

বৈঠক দুটিতে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রাবাব ফাতিমা, মন্ত্রীর একান্তসচিব আহমদ কবীর এবং সংশ্লিষ্ট উচ্চপর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

